রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৪, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ/২৭ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নম্বর ২৫৬-আইন/২০২২।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন ‘চিংড়ি’ শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল-ক এবং তফসিল-খ এ বর্ণিত নিম্নতম মজুরির হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরি হার হিসাবে ঘোষণা করিল, যথা :—

**তফসিল-ক**

**শ্রমিকের নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৩৫%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **গ্রেড-১ :**<br>১। ফোরম্যান<br>২। প্রডাকশন ইনচার্জ<br>৩। কোয়ালিটি কন্ট্রোল ইনচার্জ | ৯,০৫৬/- | ৩,১৭০/- | ৭৩০/- | ৩০০/- | ১৩,২৫৬/- |



মূল্য : টাকা ৮.০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ২। | **গ্রেড-২ :**<br>১। শিফট ইনচার্জ<br>২। সহকারী ফোরম্যান<br>৩। সিনিয়র প্রডাকশন সুপারভাইজার<br>৪। জেনারেল স্টোর ইনচার্জ<br>৫। রিসিভ ইনচার্জ<br>৬। হিমাগার ইনচার্জ | ৭,১৭১/- | ২,৫১০/- | ৭৩০/- | ৩০০/- | ১০,৭১১/- |
| ৩। | **গ্রেড-৩ :**<br>১। গ্রেডার ইনচার্জ<br>২। কিউ সি ইন্সপেক্টর<br>৩। সিনিয়র অপারেটর<br>৪। ইলেকট্রিশিয়ান<br>৫। বয়লার অপারেটর<br>৬। রিসিভ সুপারভাইজার<br>৭। প্রোডাকশন সুপারভাইজার<br>৮। আই কিউ এফ সুপারভাইজার<br>৯। হিমাগার সুপারভাইজার | ৬,৪৫৬/- | ২,২৬০/- | ৭৩০/- | ৩০০/- | ৯,৭৪৬/- |
| ৪। | **গ্রেড-৪ :**<br>১। গ্রেডার (রিসিভ)<br>২। আরসিম্যান<br>৩। মেশিন অপারেটর<br>৪। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৫। সহকারী অপারেটর<br>৬। আই কিউ এফ মেশিন অপারেটর<br>৭। গ্রেডার (প্রোডাকশন)<br>৮। গ্রেজ চেকার<br>৯। গ্রেড চেকার<br>১০। প্যানিং চেকার<br>১১। সিলিংম্যান | ৫,৭৪২/- | ২,০১০/- | ৭৩০/- | ৩০০/- | ৮,৭৮২/- |
| ৫। | **গ্রেড-৫ :**<br>১। স্কেলম্যান (রিসিভ)<br>২। ওয়েল্ডার<br>৩। প্লাম্বার<br>৪। সহকারী প্রোডাকশন সুপারভাইজার<br>৫। স্কেলম্যান (প্রোডাকশন)<br>৬। সিনিয়র প্যানার<br>৭। হিমাগার শ্রমিক<br>৮। সহকারী গ্লেজ চেকার<br>৯। সহকারী সিলিংম্যান | ৫,০৩০/- | ১,৭৬০/- | ৭৩০/- | ৩০০/- | ৭,৮২০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৬। | **গ্রেড-৬ :**<br>১। প্যানার<br>২। ওয়ার্কার<br>৩। ওয়াশম্যান<br>৪। মেশিন হেলপার<br>৫। সহকারী স্কেলম্যান<br>৬। সহকারী ওয়েল্ডার<br>৭। আইস ক্রাশম্যান<br>৮। বেল্ট ওয়ার্কার<br>৯। মেটাল চেকার<br>১০। প্যাকিং শ্রমিক<br>১১। পিলিং ওয়ার্কার<br>১২। ডি-হেডিং ওয়ার্কার<br>১৩। ক্লিনার<br>১৪। সোকিংম্যান<br>১৫। লোডম্যান | ৪,২০০/- | ১,৪৭০/- | ৭৩০/- | ৩০০/- | ৬,৭০০/- |

**শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে :**

(ক) শিক্ষানবিশিকাল হইবে ৩ (তিন) মাস :

তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়;

(খ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিয়ুক্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৫,৩০৭/ (পাঁচ হাজার তিনশত সাত) টাকা প্রাপ্ত হইবেন।

**তফসিল-খ**

**কর্মচারীর নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | কর্মচারী পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৩৫%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **গ্রেড-১ :**<br>১। একাউন্ট্যান্ট<br>২। অফিস সুপারিনটেনডেন্ট<br>৩। হেড ক্লার্ক<br>৪। সিনিয়র কম্পিউটার অপারেটর<br>৫। পার্চেজার<br>৬। কমার্শিয়াল কো-অর্ডিনেটর | ৯,৫৭০/- | ৩,৩৫০/- | ৭৩০/- | ৩০০/- | ১৩,৯৫০/- |
| ২। | **গ্রেড-২ :**<br>১। উচ্চমান ক্লার্ক<br>২। সহকারী হিসাবরক্ষক<br>৩। ল্যাব টেকনিশিয়ান<br>৪। কম্পিউটার অপারেটর<br>৫। টেলিফোন অপারেটর<br>৬। ক্যাশিয়ার<br>৭। অভ্যর্থনাকারী<br>৮। সিকিউরিটি ইনচার্জ<br>৯। জেনারেল স্টোর কিপার | ৭,২৫৬/- | ২,৫৪০/- | ৭৩০/- | ৩০০/- | ১০,৮২৬/- |
| ৩। | **গ্রেড-৩ :**<br>১। ড্রাইভার (হেভি/লাইট)<br>২। অফিস সহকারী<br>৩। ইমাম<br>৪। জেনারেল স্টোর সহকারী<br>৫। সিনিয়র সিকিউরিটি গার্ড<br>৬। সহকারী জেনারেল স্টোর কিপার | ৬,৪০০/- | ২,২৪০/- | ৭৩০/- | ৩০০/- | ৯,৬৭০/- |
| ৪। | **গ্রেড-৪ :**<br>১। শিশু কেয়ারটেকার<br>২। বাবুর্চি<br>৩। লন্ড্রিম্যান<br>৪। বোটম্যান<br>৫। ট্রাক হেলপার<br>৬। মালি<br>৭। সিকিউরিটি গার্ড<br>৮। পিয়ন<br>৯। ঝাড়ুদার | ৪,৮২৮/- | ১,৬৯০/- | ৭৩০/- | ৩০০/- | ৭,৫৪৮/- |

**শিক্ষানবিশ কর্মচারীর ক্ষেত্রে :**

(ক) শিক্ষানবিশিকাল হইবে ৬ (ছয়) মাস :

(খ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন; এবং

(গ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে ৫,৭৬১ (পাঁচ হাজার সাতশত একষট্টি) টাকা প্রাপ্ত হইবেন।

**শর্তাবলি :**

১। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার 'চিংড়ি' শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত শ্রমিক ও কর্মচারী বর্তমানে যেই গ্রেডে কর্মরত রহিয়াছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই প্রজ্ঞাপন জারির পরবর্তীতে উক্ত শিল্প সেক্টরের মালিক তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিক হারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিক পক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে, এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক বা কর্মচারীকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। কোনো শ্রমিক বা কর্মচারী ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিক ও কর্মচারী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী **'শ্রমিক'** বলিয়া গণ্য হইবেন এবং উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক বা কর্মচারীর ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনার ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব মালিক পক্ষের উপর বর্তাইবে এবং ঠিকাদার সরকার কর্তৃক শ্রমিক ও কর্মচারী জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত ৭ এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ১৫০ এবং ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। মালিক যদি শ্রমিক ও কর্মচারীকে ফুরণভিত্তিক (Piece rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত হারে ও উপরিউক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতা ব্যতীত শ্রমিক ও কর্মচারী কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা প্রাপ্য হন উহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১১। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করিয়া ১ (এক) বৎসর কর্মরত থাকিবার পরবর্তীতে শ্রমিক ও কর্মচারীর মূল মজুরির ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরির ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বৃদ্ধি পাইবে।

ব্যাখ্যা : যদি একজন শ্রমিকের মূল মজুরি ৪,২০০/- (চার হাজার দুইশত) টাকা হয় তবে, এক বৎসর কর্মরত থাকিবার পর তাহার বাৎসরিক মজুরি বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৪,৪১০/- (চার হাজার চারশত দশ) টাকা নির্ধারিত হইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% (শতকরা পাঁচ শতাংশ) হারে বৃদ্ধি পাইবে অর্থাৎ মূল মজুরি ৪,৪১০/- (চার হাজার চারশত দশ) টাকার ৫% (শতকরা পাঁচ শতাংশ) বৃদ্ধি পাইয়া ৪,৬৩০.৫০ (চার হাজার ছয়শত ত্রিশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা নির্ধারিত হইবে।

১২। নিযুক্ত শ্রমিক ও কর্মচারী বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধান অনুযায়ী ভাতা এবং অন্যান্য সুবিধা প্রাপ্য হইবেন।

১৩। এই প্রজ্ঞাপনে উল্লিখিত কোনো বিষয় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd